



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/ ৫৭৯ /রাজশাহী-৬৫

তারিখ: ২১.০৯.২০১৯খ্রি.


বিষয়:- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

সূত্র : ১) নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/রাজশাহী-৬৫/৬৫৪; তারিখ: ০৬/০৫/২০১৯ খ্রি.
২) নং- ০৫.৪৩.৮১.১২.০০০.০৪.২১.১৯/৬৮৭ তারিখ ০২/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন কানাবাড়ীয়া দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটির বিদ্যোৎসাহী সদস্য কো-অপ্ট করণে মাদ্রাসার সভাপতি কর্তৃক একক ক্ষমতাবলে মনগড়াভাবে জনাব মো: এনামুল হককে কো-অপ্ট করা হয়েছে মর্মে দাতা সদস্য মো: ইসমাইল হোসেন খাঁন একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বাগমারা, রাজশাহীকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বাগমারা, রাজশাহী সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তাতে দেখা যায় ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আইয়ুব আলী সাখিদার দাতা সদস্য মো: ইসমাইল হোসেন কে বাদ দিয়ে সুপার ও কমিটির নির্বাচিত সদস্যের মতামত উপেক্ষা করে একক ক্ষমতা বলে নতুন সিদ্ধান্তবহি ব্যবহার করে সভাপতির নিজের কাছের লোককে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন করেন এবং মাদ্রাসার অফিস সহকারী নিয়োগের ক্ষেত্রে সভাপতি তার নিজের মেয়েকে নিয়োগ দেওয়ার জন্য সুপার ও কমিটির অন্য সদস্যের উপর চাপ প্রয়োগ করেছেন মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: আইয়ুব আলী সাখিদার এ সভাপতি মনোনয়ন কেন বাতিল করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

মোঃ আইয়ুব আলী সাখিদার (সভাপতি)
কানাবাড়ীয়া দাখিল মাদ্রাসা,
বাগমারা, রাজশাহী

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৬৪০৩১/

/রাজশাহী-৬৫

তারিখ: .০৯.২০১৯খ্রি.

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রাজশাহী;
২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী;
৪. সুপার, কানাবাড়ীয়া দাখিল মাদ্রাসা, বাগমারা, রাজশাহী;
৫. দাতা সদস্য মো: ইসমাইল হোসেন (অভিযোগকারী), কানাবাড়ীয়া দাখিল মাদ্রাসা, বাগমারা, রাজশাহী;
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪